

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৫১

১/ ঈমান

পরিচ্ছেদঃ বৈধ অসীলা

আরবী

عَن عُثْمَانَ بْنِ حُنَيْفٍ أَنَّ رَجُلاً ضَرِيرًا أَتَى النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا نَبِيَّ اللهِ ادْعُ اللهَ أَنْ يُعَافِينِي فَقَالَ: إِنْ شِئْتَ أَخَّرْتُ ذَلِكَ فَهُوَ أَفْضَلُ لآخِرَتِكَ وَإِنْ شِئْتَ دَعُوْتُ لَكَ قَالَ: لاَ بَلِ ادْعُ اللهَ لِي فَأَمَرَهُ أَنْ يَتَوَضَّا وَأَنْ يُصَلِّيَ رَكْعَتَيْنِ وَأَنْ يَدْعُو بِهَذَا لَا يُعَافِينِ وَأَنْ يَدْعُو بِهَذَا للهُ عَالَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيِّ الرَّحْمَةِ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيِّ الرَّحْمَةِ يَا مُحَمَّدُ مِنَلًى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيِّ الرَّحْمَةِ يَا مُحَمَّدُ إِنِّي أَتُوجَّهُ بِكَ إِلَى رَبِّي فِي حَاجَتِي هَذِهِ فَتُقْضَى وَتُشَفِّعَنِي فِي

বাংলা

(৫১) উসমান বিন হুনাইফ (রাঃ) বলেন, এক অন্ধ ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, 'আপনি দু'আ করুন, যাতে আল্লাহ আমাকে (অন্ধত্ব) থেকে নিরাপত্তা দেন।' তিনি বললেন, তুমি চাইলে আমি তোমার জন্য দু'আ করব, আর চাইলে তুমি সবুর কর, সেটা তোমার জন্য উত্তম হবে। লোকটি বলল, 'বরং আপনি দু'আ করুন।' সুতরাং তিনি তাকে ভালরূপে ওয় ক'রে (দু'রাকআত নামায পড়ার পর) এই দু'আ করতে বললেন, 'হে আল্লাহ! আমি তোমার নিকট প্রার্থনা করছি এবং তোমার নবী মুহাম্মাদ, রহমতের নবীর (দু'আর) সাথে তোমার অভিমুখী হয়েছি। আমি আপনাকে নিয়ে (আপনার দু'আর সাথে) আমার প্রতিপালকের অভিমুখী হয়েছি, যাতে তিনি আমার এই প্রয়োজন পূর্ণ করেন। হে আল্লাহ! তুমি আমার ব্যাপারে ওঁর সুপারিশ (বা দু'আ) এবং ওঁর সুপারিশ কবুল করার ব্যপারে আমার দু'আ কবুল কর।' এইরূপ দু'আর ফলে লোকটি দৃষ্টিশক্তি ফিরে পেয়েছিল।

ফুটনোট

(আহমাদ ১৭২৪০, তিরমিযী ৩৫৭৮, ইবনে মাজাহ ১৩৮৫, হাকেম ১১৮০, সহীহুল জামে' ১২৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবনু হুনাইফ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন